"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন(২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd

বিষয়: **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সাঈদ আহমেদ<br>চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড |
| সভার তারিখ | : | ২৩ জানুয়ারি ২০২০ |
| সভার সময় | : | সকাল ১০ : ০০ ঘটিকা |
| সভার স্থান | : | বোর্ড রুম, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, ঢাকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-"ক" |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে সভাকে অবহিত করা হয় যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে মুজিব বর্ষ (১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১) কে সেবা বর্ষ ঘোষণা এবং গ্রাহক সেবা আকর্ষণীয় করার লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনার জন্য অদ্যকার এ সভা আহ্বান করা হয়েছে। অতপর সভাপতি, সদস্য (প্রশাসন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড জনাব জহুরুল হককে কর্মপরিকল্পনা অনুযায়ী আলোচনা করার আহ্বান জানান।

২। সদস্য (প্রশাসন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে ০১(এক)টি কেন্দ্রীয় সাংগঠনিক কমিটি ও ০৫(পাঁচ) টি উপকমিটি গঠন করা যেতে পারে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোন মুজিব বর্ষকে সেবা বর্ষ হিসেবে বিবেচনায় নিয়ে গ্রাহক সেবা কিভাবে আকর্ষণীয় করা যায় সে ভাবে প্রস্তুতি গ্রহণ করতে হবে। এ উপলক্ষে গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী সভাপতি কমিটিসমূহ গঠনের উপর আলোকপাত করেন। কর্মপরিকল্পনা অনুযায়ী কাজের ধরণ বিবেচনায় নিয়ে সদস্য (প্রশাসন) কমিটির সদস্য ও কার্যপরিধি প্রস্তাব করেন।

<u>কেন্দ্রীয় সাংগঠনিক কমিটি:</u>

| | | |
|---|---|---|
| ১ | চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | আহ্বায়ক |
| ২ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৩ | সদস্য (প্রশাসন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৪ | সদস্য (অর্থ), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৫ | সদস্য (পিএন্ডডি), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৬ | সদস্য (বিতরণ), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৭ | সদস্য (উৎপাদন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৮ | সদস্য (কোম্পানি অ্যাফেয়ার্স), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৯ | মহাব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচালন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১০ | মহাব্যবস্থাপক, প্রশিক্ষণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১১ | প্রধান প্রকৌশলী, পূর্তকর্ম, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১২ | প্রধান প্রকৌশলী, পিএন্ডডি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৩ | প্রধান প্রকৌশলী, উৎপাদন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৪ | প্রধান প্রকৌশলী, প্রাইভেট জেনারেশন/আইপিপি বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৫ | প্রধান প্রকৌশলী, সার্ভিসেস, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৬ | প্রধান প্রকৌশলী, কোম্পানি অ্যাফেয়ার্স, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৭ | নিয়ন্ত্রক, হিসাব ও অর্থ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৮ | প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৯ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত) ও সিএসও টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ২০ | পরিচালক, জনসংযোগ পরদিপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ২১ | সচিব, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য সচিব |

**কেন্দ্রীয় কমিটির কার্যপরিধি:**

ক) উপকমিটি সমূহের কার্যক্রম পর্যলোচনা ও অনুমোদন।
খ) উপকমিটি সমূহকে পরামর্শ প্রদান।
গ) উপকমিটি সমূহের প্রস্তাব অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ ও তা বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ।
ঘ) মুজিব শতবর্ষ বাস্তবায়নে দিক নির্দেশনা প্রদান।
ঙ) বিদ্যুৎ বিভাগ ও মুজিব শতবর্ষ উদযাপন সংক্রান্ত জাতীয় কেন্দ্রীয় কমিটির কর্মসূচীর সাথে সমন্বয় সাধন।

**বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-এর অধিক্ষেত্রে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত উপকমিটি:**

| | | |
|---|---|---|
| ১ | সদস্য (বিতরণ), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | আহবায়ক |
| ২ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৩ | মহাব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচালন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৪ | প্রধান প্রকৌশলী, সার্ভিসেস, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৫ | পরিচালক, নক্সা ও পরিদর্শন-২, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৬ | পরিচালক, বিদ্যুৎ পরিকল্পনা পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৭ | পরিচালক, বৈদ্যুতিক সরঞ্জাম পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৮ | পরিচালক, পূর্তকর্ম, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৯ | প্রকল্প পরিচালক, প্রি-পেইড মিটারিং, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১০ | প্রকল্প পরিচালক, তিন পার্বত্য জেলা বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১১ | প্রকল্প পরিচালক, আইডিভিআর প্রকল্প, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১২ | ডাঃ ফাহমিদা খানম, সিনিয়র চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৩ | উপ-সচিব (বিতরণ), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য সচিব |

উপকমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

**উপকমিটির কার্যপরিধি:**

(ক) ২০২০ সালের ডিসেম্বর মাসের মধ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর আওতাধীন এলাকায় শতভাগ এবং নির্ভরযোগ্য বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন করা;
(খ) বৈদ্যুতিক সরঞ্জামাদি এবং বৈদ্যুতিক ক্যাবলের Standard Specification এবং বৈদ্যুতিক ওয়্যারিং ইউনিফাইড করার উদ্যোগ গ্রহণ;
(গ) বিদ্যুতের অপচয় রোধে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন এলাকায় প্রি-পেইড মিটারিং কার্যক্রম গ্রহণ;
(ঘ) পার্বত্য চট্টগ্রাম এবং দীপাঞ্চলসমূহে শতভাগ বিদ্যুতায়নে কর্মপদ্ধতি নির্ধারন।

**উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি:**

| | | |
|---|---|---|
| ১ | সদস্য (প্রশাসন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | আহবায়ক |
| ২ | সদস্য (অর্থ), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | যুগ্ম-আহবায়ক |
| ৩ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৪ | প্রধান প্রকৌশলী, পূর্তকর্ম, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৫ | প্রধান প্রকৌশলী, উৎপাদন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৬ | প্রধান প্রকৌশলী, বিতরণ কেন্দ্রীয় অঞ্চল, ময়মনসিংহ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৭ | প্রধান প্রকৌশলী, বিতরণ দক্ষিণাঞ্চল, চট্টগ্রাম, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৮ | প্রধান প্রকৌশলী, বিতরণ অঞ্চল, সিলেট, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৯ | প্রধান প্রকৌশলী, বিতরণ অঞ্চল, কুমিল্লা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১০ | মহাব্যবস্থাপক/পরিচালক, প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১১ | পরিচালক, জনসংযোগ পরদিপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১২ | সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঢাকা কম্পিউটার সেন্টার, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৩ | পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৪ | পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৫ | পরিচালক, হিসাব পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৬ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কঞ্জুমার অ্যাফেয়ার্স, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৭ | ডাঃ জান্নাতুন নুরে নাঈম, চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৮ | সচিব, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য সচিব |

উপকমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

**উপকমিটির কার্যপরিধি:**

(ক) ২০২০ সালের ১৭ মার্চ হতে ২০২১ সালের ১৭ মার্চ পর্যন্ত সময়কে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক 'সেবা বর্ষ' হিসেবে ঘোষণা প্রদান;

(খ) গ্রাহক সেবার উৎকর্ষ সাধনে বঙ্গবন্ধুর দর্শনের ভিত্তিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনসমূহের মধ্যে 'ইনোভেশন প্রতিযোগিতা' এর আয়োজন করা;

(গ) বৈদ্যুতিক খাতে দেশে ও বিদেশে দক্ষ জনশক্তির চাহিদা পূরণকল্পে বৈদ্যুতিক কর্ম পেশায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে 'মুজিব বর্ষে' প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ন্যূনতম ১২০০ জন বেকার যুবককে মানব সম্পদে রূপান্তর করা;

(ঘ) 'মুজিব বর্ষে' বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং এর আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনসমূহের মধ্যে পরিস্কার-পরিচ্ছন্নতা বিষয়ে প্রতিযোগিতার আয়োজন;

(ঙ) বিদ্যুৎ খাতের বিবর্তনের উপর মানসম্পন্ন প্রকাশনা প্রকাশ;

(চ) ১ মার্চ ২০২০ তারিখে মুজিব বর্ষ পালন উপলক্ষে প্রশিক্ষণ প্রদান, ইলেকট্রিশিয়ানদের মধ্যে সনদ বিতরণ অনুষ্ঠান আয়োজনে সহযোগীতা করা;

(ছ) সেবা বর্ষে (১৭ মার্চ ২০২০-১৭ মার্চ ২০২১) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ সেবা প্রদানের লক্ষ্যে নির্ধারিত সময়ের অতিরিক্ত ১ ঘন্টা বেশী কাজ করা;

(জ) বঙ্গবন্ধুর দর্শন, জাতীয় উন্নয়নে বিদ্যুৎ খাতের অবদান, বিদ্যুৎ খাতের অর্জন বিষয়ে জাতীয় বিদ্যুৎ সপ্তাহ আয়োজনে সহায়তা;

(ঝ) জাতীয় পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে যে ওয়েবসাইট তৈরি করা হবে তার সাথে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর লিংক স্থাপন;

**"আমার গ্রাম আমার শহর"কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত উপকমিটি:**

| | | |
|---|---|---|
| ১ | সদস্য (পিএন্ডডি), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | আহ্বায়ক |
| ২ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৩ | প্রধান প্রকৌশলী, বিতরণ কেন্দ্রীয় অঞ্চল, ময়মনসিংহ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৪ | প্রধান প্রকৌশলী, বিতরণ দক্ষিণাঞ্চল, চট্টগ্রাম, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৫ | প্রধান প্রকৌশলী, বিতরণ অঞ্চল, সিলেট, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৬ | প্রধান প্রকৌশলী, বিতরণ অঞ্চল, কুমিল্লা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৭ | মহাব্যবস্থাপক, বাণিজ্যিক পরিচলন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৮ | মহাব্যবস্থাপক/পরিচালক, প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৯ | পরিচালক, ক্রয় পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১০ | পরিচালক, তদন্ত ও শৃংখলা পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১১ | পরিচালক, নিরাপত্তা ও অনুসন্ধান পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১২ | পরিচালক, সংগঠন ও পদ্ধতি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৩ | পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৪ | ডাঃ মনোয়ারা সুলতানা, চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৫ | উপ-সচিব (পিএন্ডডি), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য সচিব |

উপকমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

**উপকমিটির কার্যপরিধি:**

(ক) 'আমার গ্রাম আমার শহর' বিষয়বস্তুকে সামনে রেখে মডেল গ্রাম নির্বাচনপূর্বক পূর্ণাঙ্গরূপে গ্রামের উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন;

(খ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মজীবন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন। দুর্নীতির ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি প্রতিপালনপূর্বক গ্রাহক হয়রানি দূরীকরণের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;

(গ) অংশগ্রহণমূলক সম্পাদিত কর্ম-মূল্যায়ন পদ্ধতির প্রবর্তন ও বাস্তবায়ন। প্রতিটি দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনের মধ্য থেকে কার্যক্ষেত্রে সফলতার জন্য বঙ্গবন্ধু Service Excellence Award প্রদান এবং বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন এলাকায় সেবা প্রদানের ক্ষেত্রে একজন সেরা বিদ্যুৎ কর্মী ও একজন সেরা বিদ্যুৎ গ্রাহককে বঙ্গবন্ধু পুরস্কার প্রদান;

(ঘ) মুজিব বর্ষে বিদ্যুতের অপচয় রোধ ও অবৈধ সংযোগমুক্ত বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বছরব্যাপী বিশেষ কার্যক্রম গ্রহণ;

(ঙ) বিদ্যুতের সাশ্রয়ী ও দায়িত্বপূর্ণ ব্যবহারের লক্ষ্যে জনগণকে উদ্বুদ্ধকরণ;

## গ্রাহক সেবার মানোন্নয়ন সংক্রান্ত উপকমিটি:

| | | |
|---|---|---|
| ১ | সদস্য (অর্থ), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | আহবায়ক |
| ২ | সদস্য (বিতরণ), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | যুগ্ম-আহবায়ক |
| ৩ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৪ | প্রধান প্রকৌশলী, সার্ভিসেস, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৫ | পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৬ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কঞ্জুমার অ্যাফেয়ার্স, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৭ | পরিচালক, অর্থ পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৮ | পরিচালক, বাণিজ্যিক পরিচালন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৯ | ডাঃ দিল আফরোজা হায়দার,চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১০ | উপ-পরিচালক (নির্বাহী প্রকৌশলী)-২, বিদ্যুৎ পরিকল্পনা পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য সচিব |

উপকমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

**উপকমিটির কার্যপরিধি:**

(ক) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর আওতাধীন এলাকায় নিবার্হী প্রকৌশলী/ আবাসিক প্রকৌশলী পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত থেকে গ্রাহক সমাবেশ করবেন এবং তাৎক্ষণিক সমস্যার সমাধান করবেন;

(খ) গ্রাহক সেবার মান উন্নয়ন ও গ্রাহকদের ভোগান্তি লাঘবে অভিযোগ গ্রহণ ও প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System)-কে উন্নত করতে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন। সেবা গ্রহীতাদের অভিযোগ গ্রহণের লক্ষ্যে একটি বিশেষ হট লাইন নম্বর প্রবর্তণ;

(গ) সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সুফলভোগী দরিদ্র জনগোষ্ঠীর জন্য বিদ্যুৎ সেবা সহজীকরণ ;

(ঘ) সেবা সম্পর্কিত বঙ্গবন্ধুর বিভিন্ন বক্তৃতা ও উদ্বৃতি সংকলন করে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর আওতাধীন সকল দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীর মাঝে বিতরণ এবং জনগণকে বিদ্যুৎ সাশ্রয় ও দুর্ঘটনা প্রতিরোধে করণীয় সম্পর্কে সচেতন করার লক্ষ্যে ফ্লায়ার্স/লিফলেট বিতরণ এর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(ঙ) বিদ্যুতায়নে জাতির পিতার অবদান, বাংলাদেশের সংবিধানে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড গঠন, বিদ্যুৎ খাতের অর্জন এবং এতদসংক্রান্ত জাতির পিতার উক্তি অন্তর্ভুক্ত করে ডকুমেন্টারি প্রস্তুত;

## টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি এবং গ্রাহক সচেতনতা সংক্রান্ত উপকমিটি:

| | | |
|---|---|---|
| ১ | সদস্য (উৎপাদন), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | আহবায়ক |
| ২ | সদস্য (কোম্পানি অ্যাফেয়ার্স), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | যুগ্ম-আহবায়ক |
| ৩ | বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৪ | প্রধান প্রকৌশলী, প্রাইভেট জেনারেশন/আইপিপি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৫ | প্রধান প্রকৌশলী, উৎপাদন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৬ | প্রধান প্রকৌশলী, পিএন্ডডি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৭ | পরিচালক, শ্রম ও কল্যাণ পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৮ | পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৯ | পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১০ | পরিচালক, নিরাপত্তা ও অনুসন্ধান পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১১ | পরিচালক, নবায়ণযোগ্য জ্বালানি এবং গবেষণা ও উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১২ | পরিচালক, বৈদ্যুতিক সরঞ্জম পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৩ | পরিচালক, পূর্তকর্ম, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৪ | পরিচালক, নক্সা পরিদর্শন-১ পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৫ | পরিচালক, প্রকল্প পরিকল্পনা পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৬ | পরিচালক, অডিট পরিদপ্তর, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৭ | অতিরিক্ত পরিচালক, চুক্তি ও উপদেষ্টা প্রশাসন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৮ | ডাঃ ইয়াসমীন সুলতানা, চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৯ | সহকারি প্রধান প্রকৌশলী, প্রাইভেট জেনারেশন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য সচিব |

উপকমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

**উপকমিটির কার্যপরিধি:**

(ক) সারা বছর ধরে বিভিন্ন সেমিনার, সভা, প্রিন্ট/ইলেকট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রচার;

(খ) বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে বিদ্যুতের ভূমিকা এবং টেকসই উন্নয়নে বিদ্যুৎ সাশ্রয় ও বিদ্যুতের যৌক্তিক ব্যবহারের লক্ষ্যে প্রচারণামূলক কার্যক্রম;

(গ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন প্রতিটি বিদ্যুৎ বিতরণ/উৎপাদন কেন্দ্রের প্রবেশ দ্বারে বঙ্গবন্ধুর সেবা সম্পর্কিত বক্তব্য ও উক্তিসমূহ ইলেকট্রনিক বোর্ড স্থাপনের মাধ্যমে প্রচারের ব্যবস্থাকরণ;

(ঘ) 'মুজিব বর্ষ' পালন উপলক্ষে জরুরি বিদ্যুৎ কাজে ব্যবহৃত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর সকল যানবাহনে সেবা বর্ষের পৃথক লোগো ব্যবহার ও সজ্জিতকরণ;

(ঙ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন এলাকায় বিদ্যুতের অপচয় এবং বিদ্যুতের দূর্ঘটনা রোধকল্পে স্কুল/কলেজ পর্যায়ের শিক্ষক ও শিক্ষার্থীদেরকে নিয়ে সচেতনতামূলক কার্যক্রম আয়োজন;

০৪। উপকমিটির আহবায়কগণ কর্মপরিকল্পনার কাজের ধরণ অনুযায়ী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কর্মকর্তাগণকে সাথে নিয়ে কার্যক্রম শুরু করবেন মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) ৩নং অনুচ্ছেদে বর্ণিত কেন্দ্রীয় কমিটি ও উপকমিটিসমূহ অনুমোদন;

(খ) উপকমিটিসমূহ আগামী ২৬.০১.২০২০ তারিখের মধ্যে সভায় মিলিত হয়ে স্ব-স্ব কমিটির প্রাথমিক কর্মপরিকল্পনা প্রণয়ন করবে এবং ২৭.০১.২০২০ তারিখের মধ্যে তা সাংগঠনিক কমিটির সদস্য সচিবের নিকট প্রেরণ করবে;

(গ) সাংগঠনিক কমিটির সদস্য সচিব তা সমন্বিত করে ২৭.০১.২০২০ তারিখের মধ্যে প্রাথমিক কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(ঘ) উপকমিটি কর্তৃক কর্মপরিকল্পনা অনুযায়ী সময়ভিত্তিক কার্যক্রম গ্রহণ এবং ১৫ দিনে একবার সভা আহবান করবে;

(ঙ) কেন্দ্রীয় কমিটি প্রতি মাসে একবার সভা আহবান করবে;

(চ) মুজিব বর্ষে গৃহীত বিভিন্ন কর্মসূচিকে জাতীয় দিবসসমূহের সাথে একীভূত করে কর্মকান্ড গ্রহণ;

০৫। অতঃপর, আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(সাঈদ আহমেদ)
চেয়ারম্যান
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.১০১.২৩.০০১.২০-৭০

তারিখ: ২৩ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সদস্য, প্রশাসন/অর্থ/পিএন্ডডি/বিতরণ/কোম্পানি অ্যাফেয়ার্স/উৎপাদন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
৩। সকল প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৪। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৫। সিএসও টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
৬। উপ-সচিব, প্রশাসন/অর্থ/উৎপাদন/বিতরণ/অর্থ/পিএন্ডডি/কোম্পানি এ্যাফেয়ার্স/আইন/বোর্ড, বিউবো, ঢাকা।
৭। সকল নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৮। সকল আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
৯। জনাব.........................................................।
১০। অফিস কপি।

২৩/১/2020

(সাইফুল ইসলাম আজাদ)
সচিব
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
☏: ০২-৯৫৫৪২০৯
ই-মেইল : Secretary@bpdb.gov.bd